

বিশ্বমানের জাতীয়
পরিসংখ্যান ব্যবস্থা



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিকল্পনা মন্ত্রণালয়
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
প্রশাসন-৩ অধিশাখা

পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদকরণ ও সেবা
গ্রহীতাদের মতামত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী

সভাপতি	শেখ মোঃ কাবেদুল ইসলাম অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	৩১ অক্টোবর ২০২২ (সোমবার)
সভার সময়	বেলা ১১.৩০ মিনিট
স্থান	পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক-বি)
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মোসা: কামরুন্নাহার, উপসচিব, ২৮ সেপ্টেম্বর ২০২২ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কোন সংশোধন না থাকায় তা দৃষ্টিকরণ করা হয়।

২। তিনি সভায় জানান যে, 'সবার আগে নাগরিক' এ মূলমন্ত্রকে কেন্দ্র করে গভর্ন্যান্স ইনোভেশন ইউনিট (GIU)'র কার্যক্রম আবর্তিত। সাংগঠনিক কর্মপরিকল্পনার অংশ হিসেবেই জিআইইউ সূচনালগ্ন থেকে নাগরিক সেবা প্রক্রিয়া সহজিকরণ তথা সেবার মানোন্নয়নে ভূমিকা রাখছে। এরই অংশ হিসেবে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ দেশ ও মানুষের কল্যাণে সঠিক পরিকল্পনা গ্রহণে সময়োপযোগী সঠিক পরিসংখ্যান সরবরাহ করছে এবং এ লক্ষ্য বাস্তবায়নে সংস্কারমূলক কার্যক্রম হিসেবে স্ব-মূল্যায়িত APA প্রস্তুত করা হয়েছে। এ প্রেক্ষাপটে নিজস্ব Capacity ও Commitment অনুযায়ী কাজ করার অঙ্গীকার ব্যক্ত করে APA মন্ত্রিপরিষদ বিভাগে দাখিল করা হয়েছে। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) নিয়মিত হালনাগাদ করা হচ্ছে বলেও তিনি সভাকে অবহিত করেন।

৩। অতঃপর জুলাই-সেপ্টেম্বর, ২০২২ সময়ে সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট হতে প্রাপ্ত সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণ সংক্রান্ত তথ্য সভায় উপস্থাপন করা হয়। পরিবীক্ষণকৃত ১০টি সেবা নিম্নরূপ:

- (১) স্ব-প্রণোদিত তথ্যপ্রদান নিশ্চিতকরণ
- (২) পদসৃজন
- (৩) প্রণয়নকৃত ও প্রক্রিয়াকরণকৃত সকল অফিসিয়াল পরিসংখ্যান প্রকাশনা ও অনুমোদনের ব্যবস্থা গ্রহণ
- (৪) পদসংরক্ষণ
- (৫) অস্থায়ী পদ স্থায়ীকরণ
- (৬) ব্যয় মঞ্জুরি অনুমোদন
- (৭) বার্ষিক ক্রয় প্রস্তাব
- (৮) চাকরি স্থায়ীকরণ
- (৯) পরিসংখ্যান ও

তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারীদের গৃহনির্মাণ ঋণপ্রদান (১০) পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের আওতাধীন বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর মোটরযান ক্রয়ে অগ্রিম প্রদান।

৪। পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদকরণ, কর্মপরিকল্পনা অনুযায়ী সেবা গ্রহীতাদের মতামত পর্যালোচনা এবং পরিবীক্ষণ কমিটিতে সদস্য সচিব হিসেবে জনাব এ.এফ.এম ফিরোজ মাহমুদ, সিনিয়র সহকারী সচিব এর পরিবর্তে মোসাঃ কামরুন্নাহার, উপসচিব এর নাম অন্তর্ভুক্ত করে পুনর্গঠনের বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। অতঃপর সভায় নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

(ক) ১০টি বাছাইকৃত সেবার বিষয়ে প্রাপ্ত মতামত অনুযায়ী সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) হালনাগাদ করতে হবে;

(খ) হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (Citizen's Charter) ওয়েবসাইটে আপলোড করতে হবে;

(গ) সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন করতে হবে;

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



শেখ মোঃ কাবেদুল ইসলাম
অতিরিক্ত সচিব (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৫২.০০.০০০০.০০৭.৯৯.০১১.২২.৫৪৭

তারিখ: ২২ কার্তিক ১৪২৯

০৭ নভেম্বর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) যুগ্মসচিব, যুগ্মসচিব (প্রশাসন), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ২) সিনিয়র সহকারী সচিব, সমন্বয় ও সংস্কার শাখা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৩) প্রোগ্রামার, প্রোগ্রামার (আইসিটি), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
- ৪) একান্ত সচিব, সচিবের দপ্তর, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন অনুবিভাগ, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ



মোসাঃ কামরুন্নাহার
উপসচিব